# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৫৮

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আল-বাকারা

## بَابٌ: وَمِنْ سُورَةِ الْبَقَرَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي سُلَيْمَانَ، قَالَ سَمِعْتُ سَعِيدَ بْنَ جُبَيْرٍ، يُحَدِّثُ عَنِ ابْنِ عُمَرَ، قَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يُصَلِّي عَلَى رَاحِلَتِهِ تَطَوُّعًا حَيْثُمَا تَوَجَّهَتْ بِهِ وَهُوَ جَاءٍ مِنْ مَكَّةَ إِلَى الْمَدِينَةِ ثُمَّ قَرَأَ ابْنُ عُمَرَ هَذِهِ الآيَةَ : (وَلِلَّهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ ) الآيَةَ . قَالَ ابْنُ عُمَرَ فَفِي هَذَا أُنْزِلَتْ هَذِهِ الآيَةُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

وَيُرْوَى عَنْ قَتَادَةَ، أَنَّهُ قَالَ فِي هَذِهِ الآيَةِ : ()ولله الْمَشْرِقُ وَالْمَغْرِبُ فَأَيْنَمَا تُوَلُّوا فَثَمَّ وَجْهُ اللَّهِ ) قَالَ قَتَادَةُ هِيَ مَنْسُوخَةٌ نَسَخَهَا قَوْلُهُ : (فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ) أَىْ تِلْقَاءَهُ . حَدَّثَنَا بِذَلِكَ مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي الشَّوَارِبِ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ عَنْ سَعِيدٍ عَنْ قَتَادَةَ .

وَيُرْوَى عَنْ مُجَاهِدٍ، فِي هَذِهِ الآيَةِ : (أَيْنَمَا تُوَلُّوا فَثَمَّ وَجْهُ اللَّهِ ) قَالَ فَثَمَّ قِبْلَةُ اللَّهِ . حَدَّثَنَا بِذَلِكَ أَبُو كُرَيْبٍ مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ حَدَّثَنَا وَكِيعٌ عَنِ النَّضْرِ بْنِ عَرَبِيٍّ عَنْ مُجَاهِدٍ بِهَذَا .

বাংলা

২৯৫৮. আবদ ইবন হুমায়দ (রহঃ) ...... ইবন উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বাহনের উপর আরোহী অবস্থায় যে দিকে ইচ্ছা সে দিকে ফিরে নফল সালাত (নামায) আদায় করেছেন। তিনি তখন মক্কা থেকে মদীনায় আসছিলেন। এরপর ইবন উমর এই আয়াতটি তিলাওয়াত করেনঃ (وَلِلَّهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ) ইবন উমর রাদিয়াল্লাহু আনহু বলেনঃ এই আয়াতটি এই প্রসঙ্গেই নাযিল

হয়েছে। সিফাতুস সালাত, মুসলিম।

(আবু ঈসা বলেন)হাদীসটি হাসান-সহীহ।

কাতাদা (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি (وَلِلَّهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ) (পূর্ব-পশ্চিম আল্লাহরই সুতরাং তোমরা যে দিকেই মুখ ফিরাও না কেন সে দিকেই আল্লাহর চেহারা।) (২ঃ ১৪৪) আয়াতটি সম্পর্কে বলেছেন যে, এটি মানসুখ। এই বিধান (فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ) (ولله الْمَشْرِقُ وَالْمَغْرِبُ فَأَيْنَمَا تُوَلُّوا فَثَمَّ وَجْهُ اللَّهِ)(সালাতে) মসজিদে হারাম কা’বার দিকেই তোমার চেহারা ফিরাবে (২ঃ ১৪৪) আয়াতটির দ্বারা মানসূখ হয়ে গেছে। (أَيْنَمَا تُوَلُّوا فَثَمَّ وَجْهُ اللَّهِ) অর্থাৎ কা’বার দিকে।

মুহাম্মাদ ইবন আবদুল মালিক ইবন আব শাওয়াবির (রহঃ) ...... কাতাদা (রহঃ) থেকে বর্ণনা করেছেন; আর মুজাহিদ (রহঃ) থেকে (أَيْنَمَا تُوَلُّوا فَثَمَّ وَجْهُ اللَّهِ) আয়াত সম্পর্কে বর্ণিত মর্ম হল, সেদিকেই আল্লাহর কিবলা রয়েছে। আবূ কুরায়ব মুহাম্মাদ ইবন আলা (রহঃ) ... মুজাহিদ (রহঃ) থেকে উক্তরূপ বর্ণিত আছে।

মাকতু, সানাদ সহীহ, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৫৮ [আল মাদানী প্রকাশনী]

## English

Narrated Ibn 'Umar:
"The Messenger of Allah (ﷺ) would perform voluntary Salat upon his mount facing whichever direction he was headed, while he was coming from Makkah to Al-Madinah." Then Ibn 'Umar recited: To Allah belong both the east and the west. (2:115)" And Ibn 'Umar said: "It was about this that the Ayah was revealed."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38310

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন